উত্তর কোরিয়ায় করোনাভাইরাস ছড়ায়নি কেন?

মহামারী রূপ নিতে চলেছে করোনাভাইরাস। প্রতিদিনই আক্রান্তের সংখ্যা বাড়ছে। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, প্রাণঘাতী করোনভাইরাসে এখন পর্যন্ত ৭২৪জন মারা গেছেন। আর আক্রান্ত হয়েছেন ৩৪ হাজারের বেশি।

চীনের উহানে প্রাদুর্ভাবের প্রায় দুমাসের মধ্যেই ভাইরাসটির সীমান্তবর্তী দক্ষিণ কোরিয়া, রাশিয়া, ভিয়েতনাম, হংকংসহ বিশ্বের অন্তত ২৮টি দেশ বা অঞ্চলে ছড়িয়ে পড়েছে।
এমনকি ভারতের কেরালা রাজ্যে ৩ জন আক্রান্ত্রের সংবাদের পর রাজ্যকে স্বাস্থ্য বিপর্যয় ঘোষণা করেছে রাজ্য সরকার।

করোনাভাইরাস পৌঁছে গেছে চীন থেকে দূরে সিংগাপুর ও ফিলিপিনেও।

তবে উত্তর কোরিয়ায় এখন পর্যন্ত করোনাভাইরাস সংক্রমণের কোনো খবর পাওয়া যায়নি। অথচ সবচেয়ে বেশি ঝুঁকিতে উত্তর কোরিয়ারই থাকার কথা।
কেননা দেশটির সঙ্গে চীনের ১ হাজার ৪০০ কিলোমিটার অবিচ্ছিন্ন সীমান্ত রয়েছে। এবং দেশটির ৯০ শতাংশ বাণিজ্যই চীনের সঙ্গে।

এরপরও উত্তর কোরিয়ায় করোনাভাইরাস সংক্রমণের কোনো খবর জানা নেই আর্ন্তজাতিক কোনো গণমাধ্যমে।

প্রশ্ন উঠেছে, সত্যিই কি তারা এত ভাগ্যবান? নাকি উদ্বিগ্নতা এড়াতে ঘটনা গোপন রেখেছে উত্তর কোরিয়া সরকার।

আনুষ্ঠানিকভাবে উত্তর কোরিয়া সরকারের বার্তা, এখন পর্যন্ত দেশটিতে কেউ করোনাভাইরাসে আক্রান্ত হয়নি।

তবে সরকারের এমন বার্তার বিপরীতে বক্তব্য দিয়েছেন দেশটির এক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ও দক্ষিণ কোরিয়ার ন্যাশনাল ইন্টেলিজেন্স সার্ভিসের (এনআইএস) সাবেক প্রধান নাম সুং-উক।

তার দাবি, আড়াই কোটি জনসংখ্যার দেশটিতে অবশ্যই কেউ না কেউ এই ভাইরাস আক্রান্ত হয়েছেন। হয়ত সরকারের সেদিকে খেয়াল নেই বা জেনেও অস্বীকার করা হচ্ছে।

এর পেছনে ওই প্রফেসরের যুক্তি, উত্তর কোরিয়া সম্প্রতি নিষেধাজ্ঞা দেয়ার আগে অসংখ্য লোক ট্রাকে বা ট্রেনে করে দুই দেশের সীমান্ত দিয়ে আসা-যাওয়া করেছে। তাই করোনাভাইরাস সহজেই উত্তর কোরিয়াতেও পৌঁছে যাওয়ার কথা।

এদিকে চীনের প্রতিবেশি উত্তর কোরিয়ায় করোনাভাইরাস প্রবেশ করলে তা মোকাবেলা করতে তারা ব্যর্থ হবে বলে মনে করেন উত্তর কোরিয়ার চিকিৎসক চোই জুং-হুন।

উদহারণ দিয়ে তিনি বলেন, ২০০৬ ও ২০০৭ সালে হামের প্রকোপ চলছিল উত্তর কোরিয়ায়। এ দুই বছর হামের মোকাবেলায় দিন রাত কাজ করেছি। আমাদের এজন্য খুব বেগ পেতে হয়েছিল যে তখন উত্তর কোরিয়ার টানা ২৪ ঘণ্টা কোয়ারেন্টাইন ও আইসোলেশন চালানোর মতো ব্যবস্থা ছিল না।

স্বাস্থ্য বিভাগে এখনো তেমন উন্নতি হয়নি বলে মনে করেন এই চিকিৎসক।

ওই সময়ের কথা স্মরণ করে তিনি আরো বলেন, রোগী শনাক্তের পর যখনই তাকে কোনো হাসপাতাল বা কোয়ারেন্টাইন স্থাপনায় পাঠাতাম আমরা। পরে শুনতাম তারা সেখান থেকে পালিয়ে গেছেন। কারণ এ বিষয়ে স্বাস্থ্য বিভাগ তেমন কোনো নির্দেশনাই মানত না। হাসপাতাল বা কোয়ারেন্টাইন স্থাপনায় রোগীদের জন্য যখন পর্যাপ্ত খাবার পাঠানো হতো না। দেখভালও করা হতো না তেমন। তখন সংক্রমণ নিয়েই রোগীরা পালিয়ে যেতেন।

এদিকে উত্তর কোরিয়ার মহামারী মোকাবেলা করার ক্ষমতা নেই বলে মন্তব্য করেছেন হুন্দাই মোটর-কোরিয়া ফাউন্ডেশন সেন্টার ফর কোরিয়ান হিস্টোরির পরিচালক জিন লি।

তিনি বলেন, উত্তর কোরিয়ায় সাধারণ ওষুধের সরবরাহ এত সীমিত যে, জনস্বাস্থ্য কর্মকর্তাদের প্রতিরোধমূলক ওষুধের দিকেই মনোনিবেশ করা উচিত। তারা কোনো মহামারি মোকাবেলা করতে পারবে না।

তাহলে চীনের সীমান্তর পেরিয়ে করোনাভাইরাসের প্রাদূর্ভাব উত্তর কোরিয়ায় ছড়িয়ে পড়লে কি পরিস্থিতি হতে পারে দেশটির! বা এ নিয়ে আর্ন্তজাতিক গণমাধ্যমে কোনো সংবাদ নেই কেন?

এমন প্রশ্নে বিশ্লেষকরা জানিয়েছেন, বিশ্বের অন্যতম স্বীকৃত গোপনীয় রাষ্ট্র হিসেবে বিবেচিত উত্তর কোরিয়া। দেশটির সর্বোচ্চ

নেতা কিম জং উনের নিয়ন্ত্রণে সেখানকার অনেক খবরই বহিঃবিশ্ব জানতে পারে না। যে কোনও তথ্যের জন্য বিশ্ব দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের ওপর নির্ভরশীল।

উদাহরণ হিসেবে বলা যা, ১৯৯০ সালের দুর্ভিক্ষে উত্তর কোরিয়ায় কত লোক মারা গিয়েছিল তার সঠিক তথ্য আজ পর্যন্ত দেয়নি তারা।

তবে বিশ্লেষকদের এসব তথ্য ও আশংকাকে উড়িয়ে দিয়েছে উত্তর কোরিয়ার স্বাস্থ্য মন্ত্রনালয়।

উত্তর কোরিয়ার সরকারি বার্তাসংস্থা কেসিএনএ জানিয়েছে, দেশটির স্বাস্থ্য কর্মকর্তারা ‘দেশব্যাপী পরীক্ষার নমুনা পরিবহন ব্যবস্থা’ চালু করেছেন এবং সন্দেহজনক ঘটনা পরীক্ষা করতে পুরোপুরি সক্ষম।

ইতিমধ্যে করোনাভাইরাসের প্রাদুর্ভাব ঠেকাতে সীমান্ত দিয়ে সব ধরনের পর্যটক প্রবেশ নিষিদ্ধ করেছে উত্তর কোরিয়া। রাষ্ট্রীয় জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে।

গত সোমবার কেসিএনএ জানিয়েছে, ১৩ জানুয়ারির পর যারা দেশে ঢুকেছে তাদের সবাইকে পর্যবেক্ষণে রাখা হয়েছে।

আরো পড়ুন-চুয়াডাঙ্গায় ফসলি জমির মাটি যাচ্ছে ইটের ভাটায়

করোনাভাইরাসের মৃতের সংখ্যা বেড়ে ৫৬৩

চীনে নভেল করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বেড়ে ৫৬৩ জনে দাঁড়িয়েছে।

প্রাণঘাতী এ ভাইরাসের আক্রান্তের সংখ্যা ২৮ হাজারের বেশি। বৃহস্পতিবার এ তথ্য জানিয়েছে চীনের স্বাস্থ্য বিভাগ। এখন পর্যন্ত চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন এগারোশ’র বেশি মানুষ।

এর মধ্যে হুবেই প্রদেশে নতুন করে ৭০ জনের মৃত্যু হয়েছে। দেশটিতে প্রায় ৬৭ হাজার মানুষকে পর্যবেক্ষণে রাখা হয়েছে। চীন ছাড়া অন্যান্য দেশে আক্রান্ত হয়েছেন ১৮০ জন। ভাইরাসের প্রাদুর্ভাব এখনও বিশ্বজুড়ে মহামারী আকার নেয়নি বলে জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

এদিকে, জাপানের ইয়োকোহামা বন্দরে ৩৭১১ যাত্রীসহ একটি জাহাজ কোয়ারেন্টাইন করে রাখা হয়েছে। পরে, ১০ জনের করোনাভাইরাসে আক্রান্তের বিষটি নিশ্চিত করে কর্তৃপক্ষ।জাহাজটির এক যাত্রী হংকংয়ে নামার পর করোনাভাইরাসে আক্রান্ত হয়। এতে, অন্য যাত্রীরা সংক্রমিত হয়েছে কি-না তা খতিয়ে দেখতে পরীক্ষা-নিরীক্ষা চালাচ্ছে জাহাজটির চিকিৎসক দল।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-তুরস্কের ভ্যানপ্রদেশে তুষারধসে নিহত ৩৮

তুরস্কের ভ্যানপ্রদেশে তুষারধসে নিহত ৩৮

তুরস্কের পূর্বাঞ্চলীয় ভ্যানপ্রদেশে ব্যাপক তুষারধসে ৩৮ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অর্ধশতাধিক।

নিহতদের মধ্যে উদ্ধারকর্মীরাও আছেন। এ ছাড়া আরও অনেকে বরফের নিচে আটকা পড়ে আছে বলে আশঙ্কা করা হচ্ছে। তবে তুষারপাত চলমান থাকায় উদ্ধারকাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। খবর আলজাজিরা ও ওয়াশিংটন টাইমসের।

পাহাড়বেষ্টিত ভ্যানপ্রদেশের বাহসেসারা শহরে মঙ্গলবার বিকালে প্রথম তুষারধসে ৫ জন নিহত হন। পরে তাদের উদ্ধার করতে গিয়ে আরেকটি তুষারধসে বুধবার দুপুরে বাকি ৩৩ জন নিহত হন।

তু্রস্কের দুর্যোগ ও জরুরি বিভাগ জানিয়েছে, উদ্ধারকর্মীরা প্রথম তুষারধসে নিখোঁজ আটজনকে উদ্ধার করে, যাদের মধ্যে ৫ জন প্রচণ্ড

ঠাণ্ডায় মারা যান।

আরও দুজন নিহতের সন্ধান করছিল উদ্ধারকর্মীরা। এ সময় দ্বিতীয় তুষারধসে ৩৩ জন নিহত হয়েছে।

দুর্ঘটনার পর আঙ্কারা থেকে ৭৫ জন বিশেষ উদ্ধারকারী কর্মকর্তাসহ একটি বিশেষ সামরিক বিমানে ভ্যানপ্রদেশে গেছে বলে জানিয়েছে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়।

ভ্যানপ্রদেশের গভর্নর মেহমেট এমিন বিলমেজ জানিয়েছেন, জরুরি উদ্ধার দলগুলো এখনও তুষারের নিচে অন্য সহকর্মীদের সন্ধান করছে।

দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, বুধবার ৩০ কর্মীকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে তাদের অবস্থার বিষয়ে আর কোনো তথ্য জানতে পারেনি মন্ত্রণালয়।

তুরস্কের রাষ্ট্রপতি রিসেপ তাইয়েপ এরদোগান উদ্ধার প্রচেষ্টা সম্পর্কে তথ্য পেতে স্বরাষ্ট্রমন্ত্রী সুলায়মান সোয়ালুর সঙ্গে কথা বলেছিলেন বলে জানিয়েছেন রাষ্ট্রপতি।

এর আগে ২০০৯ সালে উত্তর-পূর্বাঞ্চলীয় গুমুশনপ্রদেশে তুষারপাতের ফলে জিগানা পাহাড়ে ১১ জন আরোহী নিহত হয়েছিলেন।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-ফাইভজির চেয়ে ৮ হাজার গুণ বেশি হবে সিক্সজির গতি

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] (**) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (**) [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]
[redacted] [redacted], [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]-[redacted]

আরো পড়ুন-প্রতিমন্ত্রীকে অবাঞ্চিত করার হুঁশিয়ারি, ডিসিকে নিরপেক্ষ থাকার আহবান

অভিশংসন: অল্পের জন্য রেহাই পেলেন ট্রাম্প

রিপাবলিকান নিয়ন্ত্রিত যুক্তরাষ্ট্রের সিনেটে অভিশংসন বিচারে অল্পের জন্য রেহাই পাওয়ায় প্রেসিডেন্ট পদে টিকে গেলেন ডোনাল্ড ট্রাম্প।

ক্ষমতার অপব্যবহার ও কংগ্রেসের কাজে বাধা সৃষ্টির অভিযোগে ট্রাম্পকে ক্ষমতা থেকে অপসারণের জন্য ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত প্রতিনিধি পরিষদ অভিশংসনের এ প্রস্তাব সিনেটে পাঠিয়েছিল।- খবর গার্ডিয়ান, রয়টার্স ও বিবিসির

বুধবার এক ধরনের দলীয় ভিত্তিতে এ ভোটাভুটি হয়েছে। ক্ষমতার অপব্যবহারের অভিযোগ থেকে ৫২-৪৮ ভোটে রেহাই পান তিনি। আর কংগ্রেসের কাজে বাধা দেয়ার অভিযোগ থেকেও ৫৩-৪৭ ভোটে তিনি নিরপরাধ হিসেবে সাব্যস্ত হয়েছেন।

প্রতিনিধি পরিষদে অভিশংসিত হওয়ার পর সিনেটে নিষ্কৃতি পাওয়া তৃতীয় প্রেসিডেন্ট হলেন ব্যবসায়ী থেকে রাজনীতিতে আসা ডোনাল্ড ট্রাম্প।

তাকে অফিস থেকে সরাতে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠ অর্থাৎ ৬৭ ভোট দরকার ছিল। রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠ সিনেটে যে সেটা সম্ভব হবে না, তা অনুমিতই ছিল।

মার্কিন প্রধান বিচারপতি জন রবার্টসের সভাপতিত্বে সিনেট চত্বরে সদস্যরা একেক করে দাঁড়িয়ে তাদের ভোট দেন।

নিজের ব্যক্তিগত পড়াশোনার জন্য ব্যবহার করা হোয়াইট হাউসের ডাইনিং রুমে শীর্ষ সহযোগীদের নিয়ে এই ভোট অনুষ্ঠান দেখেন ট্রাম্প।

অভিশংসনকে তামাশা আখ্যায়িত করেন তিনি। বিচারে নির্দোষ প্রমাণিত হওয়ায় বৃহস্পতিবার দুপুরে বক্তৃতা দেয়ার কথা রয়েছে এই রিপাবলিকান প্রেসিডেন্টের।

ট্রাম্পের প্রচার ব্যবস্থাপক বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প সম্পূর্ণভাবে নির্দোষ প্রমাণিত হয়েছেন। কাজেই এখন মার্কিন জনগণের সেবা করতে নিজের দায়িত্বে ফেরার সময় হয়েছে তার।

ট্রাম্পের আগে প্রেসিডেন্ট এন্ড্রু জনসন ও বিল ক্লিনটনকে অভিশংসনের প্রস্তাব সিনেটে পাঠিয়েছিল প্রতিনিধি পরিষদ। তবে সিনেট তাদের কাউকে পদচ্যুত করেনি।

তবে ট্রাম্পই হতে যাচ্ছেন প্রথম মার্কিন প্রেসিডেন্ট, যিনি অভিশংসনের ফাঁড়া কাটিয়ে টানা দ্বিতীয় মেয়াদে নির্বাচনে নামতে যাচ্ছেন।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-বিআরটিএ অফিসের হয়রানি বন্ধ হবে কবে?

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

যশস্বীকে ইতিমধ্যে বাঁহাতি ‘বিরাট কোহলি’ বলে ডাকা শুরু হয়েছে৷ ঘরোয়া ক্রিকেটে মুম্বাইয়ের হয়ে অনবদ্য পারফরম্যান্স করেছেন তিনি। কনিষ্ঠ ক্রিকেটার হিসেবে লিস্ট-এ ক্রিকেটে ডাবল সেঞ্চুরি হাঁকানোর নজির রয়েছে তার।

ভারতীয় দলে সুযোগ পাওয়ার পর যশস্বীর বাবা ভূপেন্দর কুমার জসওয়াল বলেন, ছোট থেকেই আমার ছেলে স্বপ্ন দেখত একদিন দেশের হয়ে প্রতিনিধিত্ব করবে। সেই স্বপ্নই এবার পূরণ হতে চলেছে।

এদিন ভূপেন্দরের স্বপ্ন পূরণ হলো সেই কথা বলার অপেক্ষা রাখে না। তার ছেলের ব্যাটে বিশ্বকাপের ফাইনালে উঠল ভারত। অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের শেষ চারে চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের বিপক্ষে ১১৩ বলে ১০৫ রানের অপরাজিত ইনিংস খেলেন যশস্বী। অথচ ক্রিকেটার হয়ে ওঠার লড়াইয়ে অর্ধেক দিন না খেয়েই রাত কাটাতে হয়েছে উদীয়মান খেলোয়াড়কে।

দক্ষিণ আফ্রিকার মাটিতে যুব বিশ্বকাপের শুরু থেকেই দারুণ ফর্মে রয়েছেন যশস্বী। পাঁচ ম্যাচে তিনটি হাফসেঞ্চুরি এবং একটি সেঞ্চুরি হাঁকিয়েছেন তিনি। কোয়ার্টার ফাইনালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৬২ রানের অনবদ্য ইনিংস খেলেন সম্ভাবনাময়ী ক্রিকেটার।

তথ্যসূত্র: কলকাতা ২৪

আরো পড়ুন-বঙ্গবন্ধু হত্যার পথ তৈরি করেছিলেন ইনু: জাতীয় সংসদে ফিরোজ রশীদ

করোনাভাইরাসে মৃতু বেড়ে প্রায় ৫০০

চীনে প্রাণঘাতী করোনাভাইরাসে মৃত্যু সংখ্যা বুধবার প্রায় ৫০০ জনের কাছাকাছি পৌঁছেছে। এদিকে হংকংয়ে প্রথম মৃত্যুর ঘটনার পর অঞ্চলটিতে দুটি ফ্লাইট বাতিল করেছে ইউএস এয়ারলাইনস।

জাপানের একটি ক্রুজ শিপেও কোয়ারেন্টাইনে ১০ জনের আক্রান্ত হওয়ার

খবর নিশ্চিত হওয়া গেছে।-খবর রয়টার্সের

চীনা জাতীয় স্বাস্থ্য কমিশন বলছে, মঙ্গলবার নতুন করে ৬৫ জনের মৃত্যু হয়েছে। এতে মৃতের সংখ্যা বেড়ে ৪৯০ জনে পৌঁছেছে।

চীন থেকে নতুন করোনাভাইরাস সংক্রমণ বিশ্বের ২০টির বেশি দেশে ছড়িয়ে পড়লেও পরিস্থিতি এখনো বিশ্ব মহামারীতে রূপ নেয়নি বলেই জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংন্থা (ডব্লিউএইচও)।

ডব্লিউএইচও এর মতে, একই সময়ে যখন বিশ্বজুড়ে অসংখ্য মানুষ কোন সংক্রামক রোগে আক্রান্ত হন, তখনই তাকে বিশ্ব মহামারী বলা যায়। এর সাম্প্রতিক একটি উদাহারণ হচ্ছে ২০০৯ সালের সোয়াইন ফ্লু।

বিশেষজ্ঞদের ধারণা, সেই মহামারিতে বিশ্বজুড়ে লাখ লাখ মানুষ মারা গেছে।

এদিকে এর আগে করোনাভাইরাস প্রতিরোধে সহায়তা না করে যুক্তরাষ্ট্র আতঙ্ক ছড়াচ্ছে বলে অভিযোগ করেছে চীন। এ ভাইরাসের কারণে যুক্তরাষ্ট্র শুক্রবার জনস্বাস্থ্যের জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছে।

গত দুই সপ্তাহের মধ্যে যারা চীন সফর করেছে, তাদের যুক্তরাষ্ট্রে ঢুকতে দেবে না বলেও ঘোষণা দিয়েছে। তার পরই চীন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে এ অভিযোগ করল। সোমবার চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র হুয়া চুনইং বলেছেন, যুক্তরাষ্ট্রের এসব পদক্ষেপের ফলে বরং আতঙ্ক ছড়িয়ে পড়বে।

সোমবার এক সংবাদ সম্মেলনে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, যুক্তরাষ্ট্র এই সংকটে সাহায্যের প্রস্তাব দেয়ার পরিবর্তে বরং আতঙ্ক ছড়াচ্ছে।

যুক্তরাষ্ট্র হচ্ছে প্রথম দেশ, যারা চীনাদের বিরুদ্ধে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করল এবং চীন থেকে তাদের দূতাবাসের কিছু কর্মীকে সরিয়ে নিল।

তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রের মতো উন্নত দেশ, যাদের কিনা মহামারী ঠেকানোর শক্তিশালী ব্যবস্থা আছে, তারাই কিনা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) সুপারিশ না মেনে মাত্রাতিরিক্ত বিধিনিষেধ আরোপ করল।

শুরু করেছে অস্ট্রেলিয়া। ইতিমধ্যে একটি ফ্লাইট দেশে এসে পৌঁছেছে বলে নিশ্চিত করেছে দেশটির কর্মকর্তারা।

প্রাথমিকভাবে তাদেরকে সিডনি শহরের একটি হোটেলে প্রতিষ্ঠিত একটি ‘পর্যবেক্ষণ কেন্দ্রে’ রাখা হয়েছে। সেখান থেকে এসব নাগরিককে দেশটির একটি নির্জন দ্বীপে পাঠানো হচ্ছে।

দেশটি পরিকল্পনা, চীন থেকে ফেরত আসা তাদের ৬০০ নাগরিককে মূল ভূখণ্ডে নেয়ার আগে সতর্কতা হিসেবে দুই সপ্তাহের জন্য ক্রিসমাস আইল্যান্ডে রাখা হবে। যা মূল ভূখণ্ড থেকে দুই হাজার ৭০০ কিলোমিটার দূরে অবস্থিত।

বিবিসি জানিয়েছে, জাপান, চলতি সপ্তাহেই যুক্তরাষ্ট্র ও ইউরোপের দেশগুলোর সঙ্গে সঙ্গে নাগরিকদের দেশে ফিরিয়ে আনার কাজ শুরু করে অস্ট্রেলিয়া সরকার।

দেশটির কর্মকর্তারা সোমবার জানান, ইতিমধ্যে ৮৯ জন শিশুসহ ২৪৩ নাগরিককে নিয়ে প্রথম ফ্লাইটটি দেশে এসে পৌঁছেছে। আগামী কয়েক দিনের মধ্যে দ্বিতীয় ফ্লাইটটি এসে পৌঁছবে।

অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী মেরিস পেইন সোমবার রাজধানী ক্যানবেরায় এক সংবাদ সম্মেলনে বলেন, ‘আটকেপড়াদের দেশে ফেরানোর ক্ষেত্রে আমরা দুর্বল ও বিচ্ছিন্ন নাগরকিদের প্রাধান্য দিয়েছি।’

প্রধানমন্ত্রী স্কট মরিসন বলেছেন, তার দেশের নাগরিকদের দুই সপ্তাহের জন্য ক্রিসমাস আইল্যান্ডে রাখা হবে।

এ ঘোষণার পর সমালোচনা ও বিতর্ক শুরু হয়েছে, কারণ এই দ্বীপটি অভিবাসনপ্রত্যাশীদের বন্দিশিবির হিসেবে ব্যবহার করা হয়। এই শিবিরগুলোর বেহাল দশা এবং এখানে মানবাধিকার লঙ্ঘন করা হয় বলে অভিযোগ রয়েছে।

বর্তমানে সেখানে চার সদস্যের একটি শ্রীলংকান পরিবার রয়েছে। কিন্তু প্রায় এক হাজার মানুষকে ধারণ করার জন্য এটি তৈরি করা হয়েছিল। অস্ট্রেলিয়ার নাগরিকদের পাশাপাশি নিজেদের ৫৩ জন নাগরিককে ফিরিয়ে আনতে ক্যানবেরার সঙ্গে একযোগে কাজ করছে নিউজিল্যান্ড।

করোনাভাইরাসের দ্রুত বিস্তার নিয়ন্ত্রণে বিশ্বের কয়েকটি দেশ চীন থেকে আগতদের ঠেকাতে সীমানা বন্ধ করে দিয়েছে। যুক্তরাষ্ট্র এবং অস্ট্রেলিয়া জানিয়েছে যে সাম্প্রতিককালে চীনে সফরে গিয়েছেন, এমন

বিদেশিদের তারা নিজ দেশে প্রবেশ করতে দেবে না।

গত ডিসেম্বরে চীনে এই ভাইরাসটির প্রাদুর্ভাব দেখা যায়। এর আগে, রাশিয়া, জাপান, পাকিস্তান এবং ইতালিসহ কয়েকটি দেশ একই ধরনের ভ্রমণ নিষেধাজ্ঞা ঘোষণা করেছিল।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-আলমডাঙ্গায় ভোক্তা অধিকার আইনে ২ ব্যবসায়িকে ১৫ হাজার টাকা জরিমানা

নিপীড়ন থেকে বাঁচতে ভবনের জানালা দিয়ে তরুণীর ঝাঁপ!

গণধর্ষণ থেকে নিজেকে রক্ষা করতে ভবনের জানালা দিয়ে লাফ দিলেন এক তরুণ।

ভারতের পশ্চিমবঙ্গের বেলুড়ের চাঁদমারি এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় দুজনকে আটক করেছে পুলিশ। কাজের টোপ দিয়ে ওই তরুণীকে বাড়িতে ডেকে নিয়েছিল তার পরিচিত যুবক।

ওই যুবক ও তার সঙ্গী তরুণীকে ওই বাড়িরই একটি ঘরে হাত-পা বেঁধে ধর্ষণের চেষ্টা করেন। পরে বাথরুমে যাওয়ার কথা বলে জানালা থেকে

ঝাঁপ দিয়ে নিজেকে বাঁচান ওই তরুণী।

পুলিশ জানায়, ওই তরুণী রং মিস্ত্রি। দীর্ঘদিন ধরেই তার সঙ্গে পরিচয় রয়েছে মার্বেল মিস্ত্রি সানির। দুজনে একসঙ্গে কাজও করেন।

সানি তাকে নেতাজিনগরে একটি বাড়িতে রঙের কাজ আছে বলেছিল। এক হাজার টাকা অগ্রিম দেবে। সে জন্য সোমবার এসে দেখা করতে বলে।

সেই মতো ওই তরুণীকে নিজের ভাড়া বাড়িতে নিয়ে যায় সানি। দিন কয়েক আগে স্ত্রী ও ছেলেকে শ্বশুরবাড়িতে পাঠিয়ে দিয়েছিল সানি।

ঘর দেখানোর পরে আচমকাই সানি ও এক কিশোর ওই তরুণীকে জোর করে একটা ঘরে ঢুকিয়ে হাত-পা বেঁধে ফেলে।

ওই তরুণী বলেন, ‘কিছুক্ষণ পরে আমি বাথরুমে যাব বলায় তারা পায়ের বাঁধন খুলে দেয়। বাথরুমের দরজা বন্ধ করে গ্রিলহীন জানালা থেকে ঝাঁপ দিই।’

হাওড়া সিটি পুলিশের ডেপুটি কমিশনার (উত্তর) অংশুমান সাহা বলেন, ‘রাতেই দুজনকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা হয়েছে।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-মুজিবনগরের রশিকপুরে ভৈরব নদী থেকে অবৈধ বাধ অপসারণ, জরিমানা আদায়

[redacted]

[redacted]

[redacted]

[